The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা

উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 915 | 27 March 2026 | শুক্রবার ১৩ চৈত্র ১৪৩২




Minimum Wage $30 per Hour in NYC!
Page 18

NYC Housing Lottery: Buy an apartment for $16K
Page 18





NYC just bought 378 "modern subway cars
Page 18

Trump sends ICE to airports
Page 19



# ১/১১ কুশীলবরা গা ঢাকা দিচ্ছে

হাসান মাহমুদ/মাসুদ করিম, *ঢাকা থেকে*





লেঃ জেনারেল (অবঃ) মাসুদ ও খালেদ গ্রেফতার হবার পর ১/১১ কুশলীবরা পালাতে শুরু করেছেন। এরাই বেগম খালেদা জিয়ার সরকারকে উৎখাত, তাকে গ্রেফতার ও তারেক রহমানের ওপর নির্মম অত্যাচারের মদদ দিয়েছেন। অমানবিক নির্যাতন করা হয়েছে তারেক রহমানের ওপর। দেশ ত্যাগে তারা বাধ্য করেছেন। ইতিহাসের পরিক্রমায় এই তারেক রহমানই আজকের বাংলাদেশের প্রধানমন্ত্রী। দায়িত্ব গ্রহণের ২ মাসের মাথায় অত্যাচারিদের পাকড়াও শুরু হয়েছে। শেখ হাসিনার শাসনামলে ফুল শয্যায় যাপিত ১/১১ কর্মকর্তাদের ঘুম হারাম হয়েছে। আতংক ছড়িয়ে তাদের মধ্যে। আত্মগোপনে চলে গেছেন। আছেন দৌড়ের ওপর।

আয়নাঘর, গুম, খুন, অপহরণের অন্যতম কুশীলব হিসেবে কুখ্যাতি অর্জনকারী দেশের শীর্ষ গোয়েন্দা সংস্থা 'ডিজিএফআই' সাবেক প্রধান লে: জেনারেল (অব.) শেখ মামুন খালেদকে গ্রেফতারের পর অনুচররা এখন আত্মগোপনে। খালেদ গ্রেফতারের কয়েকদিন আগেই গ্রেফতার হন ওয়ান ইলেভেনের আরেক শীর্ষ কুশীলব, সাভার ক্যান্টনমেন্টের সাবেক জিওসি, লে: জেনারেল (অব.) মাসুদ উদ্দিন চৌধুরী। বিপুল ভোটে তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতা গ্রহণের পরপর রাষ্ট্রীয় অপরাধের সঙ্গে জড়িত শীর্ষ 'সামরিক অপরাধিদের' বিরুদ্ধে গ্রেফতার অভিযান নতুন এক মেরুকরণ তৈরি করেছে। সামরিক গোয়েন্দা সংস্থা 'ডিজিএফআই'-এর দেশব্যাপি নজরদারির বিস্তার ঘটাতে জেলায় জেলায় ওই এরপর ৪১ পৃষ্ঠায়



## নিউইয়র্ক সিটিতে আট হাজার কলেজ শিক্ষার্থীই হোমলেস

আজকাল রিপোর্ট

সিটি ইউনিভারসিটি অব নিউইয়র্কের ৮ হাজার ছাত্রছাত্রীই হোমলেস। আর এ তথ্যটি প্রকাশ করেছেন ইউনিভিারসিটির উপাচার্য অ্যালিসিয়া আলভেরো। তিনি গত শুক্রবার বলেছেন, এই ধরনের পরিসংখ্যান প্রতি দুই বছর অন্তর পরিচালিত হয়। ২০২৪ সালে কমিউনিটি কলেজের শিক্ষার্থীদের মধ্যে গৃহহীনতার হার ছিল তুলনামূলকভাবে বেশি।

আলভেরো বলেন, "বিশ্ববিদ্যালয়ের মোট শিক্ষার্থী সংখ্যার ৫ শতাংশই জানিয়েছে যে, গত এক বছরের মধ্যে তারা আবাসন সংক্রান্ত অনিশ্চয়তা বা সংকটের সম্মুখীন হয়েছে।" তিনি আরও বলেন, "ওই প্রাক্কলনের ওপর ভিত্তি করে বলা যায় যে, এক বছরের ব্যবধানে প্রায় ৭,৮৭১ জন শিক্ষার্থী আবাসন সংকটের কথা জানিয়েছে।"

আবাসন সংক্রান্ত সমস্যার অন্যান্য সূচকগুলোর হার ছিল আরও অনেক বেশি। ২০২৪ সালের জরিপে অংশগ্রহণকারীদের ২০ শতাংশই জানিয়েছে যে, গত এক বছরে তারা তাদের বাড়িভাড়া কিংবা এরপর ৩৯ পৃষ্ঠায়

## নিউ ইয়র্ক সিটিতে ন্যুনতম মজুরি ঘণ্টায় ৩০ ডলার!

আজকাল রিপোর্ট

সিটি কাউন্সিলে বর্তমানে সমর্থন লাভ করা একটি প্রস্তাব ন্যূনতম মজুরি ঘণ্টায় সর্বোচ্চ ৩০ ডলার পর্যন্ত বৃদ্ধি করবে, যা বর্তমান ১৭ ডলার থেকে একটি নাটকীয় বৃদ্ধি। কাউন্সিল সদস্য স্যান্ডি নার্সের উত্থাপিত এই পরিকল্পনা অনুযায়ী, বড় এরপর ৩৯ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## বট বাহিনীর নৃত্য, আমিনুলের তেল ও বিব্রত জাইমা

মনোয়ারুল ইসলাম



জাইমা রহমান লন্ডনে স্কুল টিমের হয়ে ফুটবল খেলতেন। যুক্তরাজ্যের ফুটবল টিম 'চেলসি' বিশ্বব্যাপী পরিচিত ও জনপ্রিয়। সারা বিশ্ব সহ যুক্তরাজ্যের অভ্যন্তরে শ্রেষ্ঠ খেলোয়ারদের হায়ার করে। তাদের এরপর ৩৯ পৃষ্ঠায়

## ক্রমেই দৃশ্যমান হচ্ছে আওয়ামী লীগ

আজকাল রিপোর্ট

নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর কিছুটা দৃশ্যমান হচ্ছে আওয়ামী লীগ। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জাতীয় স্মৃতিসৌধ ও ধানমন্ডির ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে শ্রদ্ধা নিবেদন করেছে। তবে দলটির কর্মকান্ড নিষিদ্ধ এরপর ৩৯ পৃষ্ঠায়

## ৫ লাখ নিউইর্য়কার মেডিকেইড সুবিধা হারাচ্ছেন

আজকাল রিপোর্ট



ফেডারেল সরকারের অর্থ বরাদ্দ কমানোর কারণে নিউ ইয়র্ক স্টেট তার স্বাস্থ্য বীমা সম্প্রসারণ কর্মসূচিটি প্রত্যাহার করছে। এই পদক্ষেপের ফলে ১লা জুলাই থেকে ৪ লাখ ৬০ হাজার স্বল্প আয়ের নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যসেবা সুবিধা বন্ধ হয়ে যাবে। কেন্দ্রীয় অর্থায়নে পরিচালিত 'এসেনশিয়াল প্ল্যান' এর আওতায় আসার এরপর ৪১ পৃষ্ঠায়

## যুক্তরাষ্ট্রের ইতিহাসের বৃহত্তম বিক্ষোভ শনিবার

আজকাল রিপোর্ট

শনিবার ২৮ মার্চ ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে "যুক্তরাষ্ট্রের ইতিহাসের বৃহত্তম বিক্ষোভ" অনুষ্ঠিত হবে বলে ধারণা করা হচ্ছে। তৃতীয়বারের মতো আয়োজিত 'নো কিংস' বিক্ষোভের আয়োজকদের সূত্রেই এই তথ্য জানা গেছে। এরপর ৩৯ পৃষ্ঠায়

## নিউইয়র্ক স্টেট আইনসভা বাংলাদেশময়

### বাংলাদেশের স্বাধীনতা দিবস উদযাপন

আজকাল রিপোর্ট



নিউইয়র্কের রাজধানী আলবেনীতে উৎসবমুখর পরিবেশে মঙ্গলবার উদযাপিত হলো বাংলাদেশের স্বাধীনতা দিবস। নিউইয়র্ক স্টেটের আইনসভায় (সংসদ) বাংলাদেশের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে একটি রেজুলেশন গৃহিত হয়। এসেমব্রিওম্যান জেনিফার রাজকুমার ৮ জন এসেমব্লি সদস্য ও স্টেট সিনেটরের পক্ষে তা আইন সভায় উপস্থাপন করেন। তুমুল করতালির এরপর ৪৭ পৃষ্ঠায়


BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

GOLDEN AGE HOME CARE
PCA/HHA Home care & Skilled Nursing
718-775-7852

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্সুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস ও মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# যিশুখ্রিষ্টের সঙ্গে চেঙ্গিসের তুলনা, নেতানিয়াহুর ঔদ্ধত্যের শেষ কোথায়

ফলে অর্থনৈতিক প্রস্তুতির পাশাপাশি কূটনৈতিক সংযমও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। সবশেষে একটি বাস্তবতা আবারও মনে করিয়ে দেয়-বৈশ্বিক অর্থনীতির যুগে কোনো যুদ্ধই আর দূরের যুদ্ধ নয়। যুদ্ধক্ষেত্র হাজার মাইল দূরে হলেও তার অভিঘাত পৌঁছে যায় জ্বালানির দামে, খাদ্যপণ্যের বাজারে, ডলারের বিনিময় হারে, রপ্তানি অর্ডারে এবং সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয়ে। ইরানকে ঘিরে সংঘাত হয়তো দ্রুত শেষও হতে পারে। কিন্তু অনিশ্চয়তাই আজকের বিশ্ব অর্থনীতির সবচেয়ে বড় ঝুঁকি। আর সেই অনিশ্চয়তার সময়ে যারা আগে প্রস্তুতি নেয়, তারাই তুলনামূলকভাবে কম ক্ষতিগ্রস্ত হয়। বাংলাদেশের জন্য তাই এখন সবচেয়ে জরুরি কাজ অপেক্ষা করা নয়-প্রস্তুতি নেওয়া। কারণ আজকের পৃথিবীতে যুদ্ধ শুধু সীমান্তে হয় না; তার ঢেউ এসে লাগে বাজারে এবং মানুষের দৈনন্দিন জীবনে

তুষার কান্তি চাকমা



জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু নীল নদ থেকে ইউফ্রেটিস বা ফোরাত নদী পর্যন্ত দখল করে 'গ্রেটার ইসরায়েল' প্রতিষ্ঠার কথা বলছেন।
ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু তাঁর সাম্প্রতিক এক বক্তৃতায় প্রশ্ন তুলেছেন-যিশুখ্রিষ্ট যদি বেঁচে থাকতেন নিয়ে চেঙ্গিস খানের তলোয়ারের সামনে কতক্ষণ টিকতেন?' এমন ঔদ্ধত্যপূর্ণ এবং চরম অবমাননাকর উক্তি শোনার পর সাধারণ মানুষের রক্ত গরম হয়ে ওঠা স্বাভাবিক। যাঁর হাতে হাজারো ফিলিস্তিনি এবং ইরানি মা, বোন ও ভাইদের তাজা রক্ত লেগে আছে, তাঁর মুখে এ কেমন আলাপ? অবাক বিস্ময়ে দেখলাম, খ্রিষ্টান বিশ্ব এর কোনো তীব্র প্রতিবাদ করল না এবং প্রভাবশালী দেশগুলোর রথী-মহারথীরাও অদ্ভুত নীরবতা পালন করলেন। এই নীরবতার মানে কি এই যে-এখন এই রক্তপিপাসু ব্যক্তির অসভ্য আস্ফালনই আন্তর্জাতিক নিয়ম হিসেবে গণ্য হবে? তবে কি শত বছরের প্রতিষ্ঠিত আন্তর্জাতিক আইন এবং যুদ্ধনীতির চিরস্থায়ী বিস্মৃতি ঘটল?
কলিঙ্গ যুদ্ধের রক্তক্ষয়ী বীভৎসতা দেখে সম্রাট অশোক অনুতপ্ত হয়েছিলেন। পরে তিনি হিংসা বিসর্জন দিয়ে বৌদ্ধধর্মে দীক্ষিত হন এবং বহু বছর মৌর্য সাম্রাজ্য ন্যায় ও নীতির ভিত্তিতে শাসন করেন। ইতিহাসে অশোক এমন একজন বিরল শাসক, যিনি একই সঙ্গে অহিংসা ও প্রতিরোধক্ষমতার মধ্যে এক সূক্ষ্ম ভারসাম্য স্থাপন করেছিলেন।
দেশের মিলিটারি স্কুলগুলোয় আমরা 'ল অব আর্মড কনফ্লিক্ট' বা যুদ্ধের আইনকানুন সম্পর্কে পড়াশোনা করি এবং করাই। সামরিক বাহিনীর সদস্য হিসেবে আমরা সেই নিয়ম মেনে চলতে বাধ্য। বাংলাদেশ আন্তর্জাতিক যুদ্ধনীতি ও কনভেনশনগুলোকে শ্রদ্ধা জানিয়েই সেগুলোকে স্বীকৃতি দিয়েছে। যুদ্ধ মানেই যে যা ইচ্ছে করা যাবে, সেই ধারণা সম্পূর্ণ ভ্রান্ত। যুদ্ধের সব পক্ষই নির্দিষ্ট আইন মেনে চলবে, এটাই শত বছরের রীতি ছিল।

এখন নেতানিয়াহু এবং তাঁর সমর্থনপুষ্ট একটি গোষ্ঠী এসব নীতিকে পদদলিত করে যাচ্ছে। লক্ষণীয় যে ইসরায়েলের জনসাধারণের একটি বড় অংশ তাঁর এই নির্মমতাকে সমর্থন করছে, নয়তো এই লোক এখনো ক্ষমতায় থাকে কী করে? যুদ্ধক্ষেত্রে নৈতিকতা অনুসরণের ইতিহাস হাজার বছরের পুরোনো। ক্রুসেড চলাকালে যখন ইংল্যান্ডের রাজা রিচার্ডের ঘোড়া আহত হয়, তখন তাঁর চরম শত্রু সুলতান সালাহউদ্দিন আইয়ুবি তাঁকে যুদ্ধের মাঠেই নিজের ঘোড়া দিয়ে সাহায্য করেছিলেন। লোকগাথা অনুযায়ী, রিচার্ড অসুস্থ হলে সালাহউদ্দিন ছদ্মবেশে চিকিৎসক সেজে গিয়ে তাঁকে চিকিৎসা করেছিলেন। এই নৈতিকতা এবং সৌজন্য ছিল বীরত্বের শ্রেষ্ঠ লক্ষণ।
তখন তো কোনো লিখিত আন্তর্জাতিক আইন ছিল না কিংবা আধুনিক যুদ্ধবিধির কোনো বাধ্যবাধকতা ছিল না। অথচ ধর্মপ্রাণ এই মহান বীরেরা শত্রুর সঙ্গেও শিষ্টাচার প্রদর্শন করেছিলেন।
মানুষ কালক্রমে এই শিক্ষাগুলোকে অবলম্বন করেই আন্তর্জাতিক মানবিক আইন প্রণয়ন করেছিল। এখন ২০২৬ সালে এসে আধুনিক সভ্যতার এই শাসকেরা সেসব আইনের তোয়াক্কা করছেন না। বরং নিজেদের মানবতাবিরোধী কার্যকলাপকে নানা খোঁড়া যুক্তি দিয়ে বৈধ করার নিরন্তর চেষ্টা চালাচ্ছেন।
নিজের বিবেক যে তাঁকে মাঝেমধ্যে বিদ্ধ করছে, তা বোঝা যায় তাঁর ওই অসার যুক্তি থেকে। সেড় শতাধিক কোমলমতি স্কুলছাত্রীর নির্মম মৃত্যু ভুলে থাকা কোনো সুস্থ মানুষের পক্ষে কে সম্ভব, যদি সে নিজে একাধারে পিশাচ না হয়?
গাজা, ইরান ও লেবাননের শিশু এবং নারীদের ওপর যেভাবে মুহুর্মুহু বোমাবর্ষণ ও হত্যাকাণ্ড চলছে, তাতে মন কেবলই প্রশ্ন জাগে-এই সৈন্যরা এবং পাইলটরা রাতে নিশ্চিন্তে ঘুমান কীভাবে? নিজের বিবেককে কে তাঁরা জলাঞ্জলি দিয়েছেন? নেতানিয়াহু দম্ভের সঙ্গে বলেছেন যে অশুভ শক্তিরাই সর্বদা জয় হয়।
এই উক্তি কি আমাদের চিরন্তন বিশ্বাসের মূলে কুঠারাঘাত নয়? আবহমান কাল থেকে মানবজাতি বিশ্বাস করে আসছে যে অশুভ অসুর দমনে সৃষ্টিকর্তা মর্ত্যে তাঁর বার্তাবাহী পাঠান। মহিষাসুর বা রক্তবীজকে নিধন করতে মা দুর্গা ও কালী আবির্ভূত হয়েছিলেন। অত্যাচারী কংসের হাত থেকে বিশ্বকে রক্ষা করতে কৃষ্ণ এসেছেন। প্রতিটি যুগেই নীতি ও সত্যের জয় হয়েছে এবং অশুভ শক্তি ধূলিসাৎ হয়েছে। গৌতম বুদ্ধের অহিংসা ও মৈত্রী আজও মানুষের অন্তরে অমর, অথচ হিংস্র অঙ্গুলিমাল কিংবা দেবদত্তের ধ্বংসাত্মক কর্ম মানুষের নিকট ধিকৃত।
যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের চলমান যুদ্ধের মধ্যে হামলায় নিহত সামরিক কমান্ডারদের জানাজা অনুষ্ঠানে যোগ দিয়েছেন এক নারী। তাঁর হাতে থাকা ছবিতে ইরানের সদ্যপ্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির পাশে নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনিকে দেখা যাচ্ছে। ১১ মার্চ ২০২৬, তেহরান, ইরান
যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের চলমান যুদ্ধের মধ্যে হামলায় নিহত সামরিক কমান্ডারদের জানাজা অনুষ্ঠানে যোগ দিয়েছেন এক নারী। তাঁর হাতে থাকা ছবিতে ইরানের সদ্যপ্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ এরপর ২৮ পৃষ্ঠায়






# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)







## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# এবারের স্বাধীনতা ও জাতীয় দিবসের শপথ

ড. মাহবুব উল্লাহ্

ব্রিটিশ শাসনামলে, সম্ভবত স্বদেশি আন্দোলনের সময় বাংলার এক চারণ কবি গেয়েছিলেন, 'স্বদেশ স্বদেশ করিসনেরে, এদেশ তোদের নয়।' আমরা যারা বাংলাদেশের নাগরিক, তারা দুই দুইবার স্বাধীনতা দেখেছি। প্রথমবার ১৯৪৭ সালে ব্রিটিশ শাসন থেকে মুক্ত হয়ে পাকিস্তান সৃষ্টির মাধ্যমে আমরা স্বাধীন হলাম। এ পাকিস্তান সৃষ্টিতে বাংলাদেশের জনগণের ঈর্ষণীয় অবদান ছিল। পূর্ব বাংলার মুসলিম জনগোষ্ঠী যে ঐকান্তিকতা নিয়ে পাকিস্তান দাবির পেছনে দাঁড়িয়েছিল, সেই ঐকান্তিকতা পশ্চিম পাকিস্তানি মুসলমানদের ছিল না। অথচ সেই স্বাধীনতার রেশ কাটতে না কাটতেই পূর্ব বাংলা তথা পূর্ব পাকিস্তানি জনগণের পাকিস্তান রাষ্ট্র সম্পর্কে মোহমুক্তি ঘটতে শুরু করল। এ মোহমুক্তি শুরু হয়েছিল ভাষা আন্দোলনের মাধ্যমে, যা পরিণতি পায় ১৯৫২-এর ২১ ফেব্রুয়ারি শহীদানের আত্মত্যাগের মাধ্যমে। পূর্ব পাকিস্তানবাসী বেশি কিছু দাবি করেনি। তারা চেয়েছিল উর্দুর পাশাপাশি বাংলা পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হোক। খুবই ন্যায্য দাবি, কিন্তু পাকিস্তানের কেন্দ্রীয় সরকার ও পূর্ব পাকিস্তানে তাদের সহযোগীরা এ ন্যায্যতা মানতে চায়নি। পাকিস্তান সৃষ্টিতে পূর্ব বাংলার জনগণ খুবই উৎফুল্ল ও আনন্দিত হয়েছিল। প্রাদেশিক রাজধানী ঢাকায় পূর্ব বাংলাবাসীরা প্রাণ উজাড় করে দিয়ে পাকিস্তান সৃষ্টি উদযাপন করেছিল। ইতিহাসের ধারায় পাকিস্তান সৃষ্টি অস্বাভাবিক কিছু ছিল না। এর ফলে পূর্ব বাংলার জনগণ বহু বছরের ঔপনিবেশিক শাসনের জোয়াল থেকে মুক্তিলাভ করে। ব্রিটিশ ঔপনিবেশিক শাসন উপনিবেশের জনগণকে শোষণের জাঁতাকলে ফেলে রক্তশূন্য করে ফেলে। এছাড়াও ছিল হিন্দু জমিদার, জোতদার ও মহাজনদের হাড় ভেদ করা শোষণ। এরূপ শোষণের অবসানের জন্যই পূর্ব বাংলার জনগণ পাকিস্তান সৃষ্টির প্রতি সমর্থন জ্ঞাপন করেছিল।

কিন্তু ঐক্যবদ্ধ পাকিস্তানের কাঠামোতে শুধু ভাষার দাবিই অস্বীকৃত হয়নি। পূর্ব পাকিস্তানিরা চরম অর্থনৈতিক বৈষম্যের শিকার হয়। পূর্ব পাকিস্তানের সোনালি আঁশ পাট, চা ও চামড়া রপ্তানি করে যে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হতো, তার বেশির ভাগই ব্যয়িত হতো পশ্চিম পাকিস্তানের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য। পূর্ব পাকিস্তানে অর্জিত রাজস্বের সিংহভাগ কেন্দ্রীয় সরকার নিয়ে যেত এবং তা পশ্চিম পাকিস্তানের উন্নয়নের জন্য ব্যয় করা হতো। এ কারণে মওলানা ভাসানী প্রাদেশিক পরিষদের বাজেট আলোচনায় প্রশ্ন তুলেছিলেন, আমরা কি সেন্ট্রাল গভর্নমেন্টের গোলাম? বঞ্চনাবোধ থেকেই পূর্ব পাকিস্তানবাসীর মনে স্বাধিকারের চেতনা দুকূল হতে থাকে। এই চেতনার ফলে আওয়ামী মুসলিম লীগের কর্মসূচিতে স্বায়ত্তশাসনের দাবি অন্তর্ভুক্ত হয়। একই দাবি অন্তর্ভুক্ত হয় যুক্তফ্রন্টের নির্বাচনি কর্মসূচি ২১ দফায়। তারপর যমুনা, মেঘনা ও পদ্মা দিয়ে অনেক জল গড়িয়েছে। পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে ভেঙে দেওয়ার জন্য ৯২-ক ধারার মাধ্যমে কেন্দ্রীয় শাসন জারি করা হয়। ওই সময় পূর্ব পাকিস্তানের গভর্নর হিসাবে নিয়োগ পান মেজর জেনারেল ইস্কান্দর মির্জা। ওই সময় মওলানা ভাসানী স্টকহোম শান্তি সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে ইউরোপে অবস্থান করছিলেন। মেজর জেনারেল ইস্কান্দর মির্জা দম্ভভরে ঘোষণা করলেন, মওলানা ভাসানী দেশে ফিরে এলে এমন এক দক্ষ বন্দুক চালককে দিয়ে তাকে গুলি করা হবে, যাতে নিশানা অব্যর্থ থাকে। যাই হোক, ইস্কান্দর মির্জা তার সেই দাম্ভিক ঘোষণা কার্যকর করতে পারেননি।



পাকিস্তান আমলে পূর্ব পাকিস্তানের জনসংখ্যা ছিল সমগ্র পাকিস্তানের ৫৬ শতাংশ, অন্যদিকে পশ্চিম পাকিস্তানের জনসংখ্যা ছিল ৪৪ শতাংশ। কথা ছিল, তা সত্ত্বেও সম্পদ ও বিনিয়োগের ভাগাভাগি এবং ক্ষমতার বণ্টন হবে সংখ্যাসাম্য নীতির ভিত্তিতে। অর্থাৎ পশ্চিম পাকিস্তানিরা যা পাবে পূর্ব পাকিস্তানিরা সংখ্যাগরিষ্ঠ হলেও তা-ই পাবে। পাকিস্তানের ঐক্য ও সংহতি বজায় রাখার জন্য পূর্ব পাকিস্তানিদের বিশাল ত্যাগ স্বীকার করতে হয়। ত্যাগের এই বিধিলিপি লিপিবদ্ধ করা হয় ১৯৫৬ সালের ২৩ মার্চ গৃহীত পাকিস্তানের প্রথম সংবিধানে। কিন্তু অধিকার ও সংখ্যানুপাতিক অর্থনৈতিক বণ্টন এবং ক্ষমতার দাবি পূর্ব পাকিস্তানবাসীর পক্ষ থেকে অব্যাহত রাখেন মওলানা ভাসানী। তৎকালীন পাকিস্তানের প্রধানমন্ত্রী হোসেন শহীদ সোহরাওয়ার্দীর সঙ্গে তীব্র মতপার্থক্য দেখা দিল মওলানা ভাসানীর। সোহরাওয়ার্দী ছিলেন আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা এবং মওলানা ভাসানী ছিলেন পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সভাপতি। এ দুজনের মতপার্থক্য তীব্রভাবে প্রকাশ পেল ১৯৫৭ সালে যখন কাগমারি সম্মেলনে মওলানা ভাসানী স্বায়ত্তশাসন ও জোটনিরপেক্ষ পররাষ্ট্রনীতির দাবিতে অনড় অবস্থান গ্রহণ করলেন। মওলানা ভাসানী পশ্চিম পাকিস্তানকে আসসালামু আলাইকুম জানালেন। তার পক্ষে নীতিগত কারণে আওয়ামী লীগে থাকা সম্ভব হচ্ছিল না। তিনি ন্যাশনাল আওয়ামী পার্টি গঠন করলেন। উল্লেখ্য, সোহরাওয়ার্দী পাকিস্তানের একতা ও দৃঢ় সংহতির প্রবল প্রবক্তা ছিলেন। তিনি বলতেন, পাকিস্তানের একতা ও সংহতি নির্ভর করে দুটি বিষয়ের ওপর। এর একটি হলো পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স বা পিআইএ এবং অন্যটি হলো স্বয়ং তিনি। এ পরিস্থিতিতে শেখ মুজিবুর রহমান তার প্রিয় নেতা সোহরাওয়ার্দীর সঙ্গে থেকে যাওয়ার সিদ্ধান্ত নিলেন। অর্থাৎ তখনো শেখ মুজিব পূর্ব বাংলার স্বায়ত্তশাসনের প্রশ্নে অবস্থান গ্রহণ করতে চাননি।

সোহরাওয়ার্দীর মৃত্যু এবং '৬৫-এর পাক-ভারত যুদ্ধের পর ১৯৬৬-এর ফেব্রুয়ারিতে লাহোরে ৬ দফাভিত্তিক পূর্ব বাংলার স্বায়ত্তশাসনের দাবি উত্থাপন এরপর ২৪ পৃষ্ঠায়



> শেখ মুজিব স্বাধীনতার ঘোষণা না দিয়ে পাকবাহিনীর কাছে আত্মসমর্পণ করলেন। অন্যদিকে মেজর জিয়াউর রহমান কালুরঘাট বেতারকেন্দ্র থেকে শেখ মুজিবের পক্ষে স্বাধীনতার ঘোষণা দিয়ে বাংলাদেশবাসীর হৃদয়ে চিরস্থায়ী আসন লাভ করলেন। ১৯৭১-এর ১৬ ডিসেম্বর পাকবাহিনী ভারতের ইস্টার্ন কমান্ডের কাছে আত্মসমর্পন করল। তারা মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পণ করেনি। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জেনারেল এমএজি ওসমানী আত্মসমর্পণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি অথবা তাকে উপস্থিত থাকতে দেওয়া হয়নি। তার হেলিকপ্টারে রহস্যজনকভাবে গুলিবিদ্ধ করা হয়। হেলিকপ্টারটি সিলেটের মাটিতে জরুরি অবতরণ করে। এভাবেই মুক্তিযুদ্ধের বিজয়ের গৌরব ছিনতাই হয়ে যায়। বাংলাদেশকে তাঁবেদার রাষ্ট্রে পরিণত করার অপকৌশল করা হয়

# গঙ্গা কি কেবল হিন্দুদের নদী

অংশুমান কর

> শান্তির খোঁজে এই বেনারসেই একসময়ে এসে হাজির হয়েছিলেন মির্জা গালিব। বেনারসকে তিনি বলেছিলেন 'হিন্দুদের কাবা'। শত প্রলোভন সত্ত্বেও ওস্তাদ বিসমিল্লাহ খান কখনও বেনারস ছাড়া আর অন্য কোনো শহরকে তাঁর স্থায়ী বাসভূমি বলে ভাবতেই পারেননি। সেই বেনারস শহরেই যদি গঙ্গার অতীত ঐতিহ্যকে ভুলে একটি নির্দিষ্ট ধর্মের সঙ্গেই কেবল এই নদীটিকে যুক্ত করা হয় তাহলে তা কেবল ভারতীয় সংস্কৃতির ঔদার্যের বিরুদ্ধেই এক সংকীর্ণ অবস্থান নেয় না, ধর্মীয় বিভাজনের রাজনীতির সঙ্গে গঙ্গাকে যুক্ত করার এক হীন অপচেষ্টাকেও চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়। তাই ভারতীয় সংস্কৃতি, বেনারস এবং গঙ্গার ঐতিহ্যকে প্রকৃত সম্মান জানাতে মানবাধিকার সংগঠন গুলির উচিত যে-মুসলিম যুবকদের গ্রেপ্তার করা হয়েছে তাঁদের মুক্তির দাবিতে উপযুক্ত আন্দোলন গড়ে তোলা

পবিত্র গঙ্গার জলধারাকে স্বর্গের সঙ্গে তুলনা করেছিলেন মির্জা গালিব। কিন্তু আজ বেঁচে থাকলে তাঁকে হয়তো গঙ্গার ওপরে কবিতা লিখতেই দেওয়া হতো না। কারণ বার্তা দেওয়ার চেষ্টা হচ্ছে, গঙ্গা কেবলমাত্র হিন্দুদেরই নদী, কেবল একটি সম্প্রদায়েরই উপাস্য দেবী।



পশ্চিমবঙ্গে আমরা হয়তো অনেকেই খেয়াল করিনি মাত্র কিছুদিন আগে কী হয়েছে বেনারসে। পুলিশ ১৪ জন মুসলিম যুবককে গ্রেপ্তার করেছেন, কারণ তারা গঙ্গায় নৌকো ভ্রমণ করতে করতে ইফতার সেরেছিল। সেই ইফতারের একটি ভিডিও ভাইরাল হওয়ার পরেই ভারতীয় জনতা পার্টি (বিজেপি) যুব মোর্চার বেনারস শাখার সভাপতি পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন।

ধর্মীয় অনুভূতিতে আঘাত, ধর্মীয় স্থান অপবিত্র করার অভিযোগ থেকে শুরু করে জলদূষণ, আমিষ খাবার গ্রহণ এবং খাবারের অবশিষ্টাংশ নদীতে ফেলে দেওয়ার অভিযোগ আনা হয়। পরে যুক্ত করা হয় চাঁদাবাজির অভিযোগও। পুলিশ অত্যন্ত দ্রুত অভিযুক্তদের গ্রেপ্তার করে। বারাণসীর আদালত অতি দ্রুত এদের জামিন না দিয়ে বিচারবিভাগীয় হেফাজতে পাঠায়।

অনেকেই ইতিমধ্যেই বলেছেন যে, গঙ্গায় একটি সাধারণ নৌকা বিহারকেই অপরাধ হিসেবে চিত্রিত করা হচ্ছে এবং সারবত্তাহীন কয়েকটি অভিযোগকে জোর করে সত্য প্রমাণ করার চেষ্টা হচ্ছে।

এ নিয়ে কোনো সন্দেহই নেই যে, গঙ্গা হিন্দুদের কাছে একটি অত্যন্ত পবিত্র নদী। কিন্তু একইসঙ্গে গঙ্গা সব ভারতবাসীরও। কেবল একটি সম্প্রদায় এই নদীর ওপর অধিকার কায়েম করতে পারে না। শেষ পর্যন্ত পুরাণ তো পুরাণই। ভূগোল এবং বিজ্ঞান কিন্তু বলছে যে, প্রায় ২,৫২৫ কিলোমিটার দীর্ঘ গঙ্গা নদীতে গড়ে প্রায় ৫২৫ কিউবিক মিটার জল প্রবাহিত হয়। বৃষ্টি, শিলাবৃষ্টি ও তুষারপাত থেকে উৎপন্ন জল মিলিয়ে প্রায় ১০ লাখ ৯৩ হাজার ৮০০ বর্গকিলোমিটার বিস্তৃত অববাহিকা থেকে এই জলধারা গঙ্গায় এসে মিশে গঙ্গাসাগর পর্যন্ত পৌঁছায়।

এই দীর্ঘ যাত্রাপথে এই নদীকে বহন করতে হয় বিপুলমাত্রার দূষণ। গঙ্গার তীরে অবস্থিত ২৯টি প্রথম শ্রেণির শহর (যেখানে জনসংখ্যা এক লাখ বা তার বেশি), ২৩টি দ্বিতীয় শ্রেণির শহর (জনসংখ্যা প্রায় ৫০ হাজার থেকে এক লাখ) এবং আরও ৪৮টি শহরাঞ্চল (জনসংখ্যা প্রায় ৫০ হাজার বা তার কাছাকাছি) থেকে নির্গত দূষিত জল সরাসরি গঙ্গায় এসে পড়ে। প্রায় ৫৫০ মিলিয়ন মানুষের বসবাস গঙ্গার দুই তীর জুড়ে-নগর, গ্রাম, জনপদ, শিল্পাঞ্চল মিলিয়ে বিপুল এই জনবসতির দৈনন্দিন বর্জ্য ও পয়ঃনিষ্কাশনের জলও নিরবচ্ছিন্নভাবে নদীতে মিশে চলেছে। এর পাশাপাশি শ্মশানঘাটে দাহক্রিয়ার পর অবশিষ্ট দেহাবশেষ, মৃত পশুপাখির দেহ, উৎসবের সময়ে প্রতিমা নিরঞ্জন এবং ব্যবহৃত ফুলও গঙ্গায় নিক্ষিপ্ত হয়।



এই সবকিছুর সঙ্গে যুক্ত হয়েছে প্লাস্টিকজাত বর্জ্যের ক্রমবর্ধমান সঞ্চয়। বহু পৌরসভা গঙ্গার তীরবর্তী এলাকায় এই বর্জ্য ফেলে রাখে, যা বর্ষাকালে বৃষ্টির জলে ভেসে গিয়ে শেষ পর্যন্ত গঙ্গার স্রোতেই মিশে যায়।

বিভিন্ন সময়ে পরিচালিত একাধিক সমীক্ষার তথ্য থেকে স্পষ্টভাবে বোঝা যায় যে, গঙ্গা দূষণের জন্য প্রধানত দায়ী মানুষের উৎপন্ন বর্জ্য-মোট দূষণের প্রায় ৮০ শতাংশ এর থেকেই সৃষ্টি। বাকি অংশের জন্য দায়ী শিল্পকারখানার বর্জ্য, কৃষিক্ষেত্রে ব্যবহৃত রাসায়নিক সার, বিভিন্ন কঠিন বর্জ্য, এবং নদীতে ভেসে আসা মানুষ ও পশুপাখির মৃতদেহ। আমাদের পশ্চিমবঙ্গে গঙ্গার অবস্থা তো ভয়াবহ।

একটি সমীক্ষা রিপোর্টে উল্লেখ করা হয়েছে, পশ্চিমবঙ্গে গঙ্গার জলে প্রতি ১০০ মিলিলিটারে প্রায় ১ লাখ ৬০ হাজার কলিফর্ম ব্যাকটেরিয়া পাওয়া যায়। অর্থাৎ, সহজ ভাষায় বলতে গেলে, এই জলে মানবমলের উপস্থিতির মাত্রা অত্যন্ত উদ্বেগজনক। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের মানদণ্ড অনুযায়ী, প্রতি ১০০ মিলিলিটার জলে ১,০০০-এর বেশি কলিফর্ম ব্যাকটেরিয়া থাকলে তা আর নিরাপদ বলে গণ্য হয় না।

প্রশ্ন হলো, গঙ্গা দূষণের ক্ষেত্রে কী ব্যবস্থা নিয়েছে দেশের কেন্দ্র সরকার? নমামি গঙ্গা প্রজেক্ট চলেছে রমরম করে কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। প্রশ্ন ওঠে, খাবারের অবশিষ্টাংশ নদীতে ফেলে দেওয়া যদি অপরাধ হয়, তাহলে নদীতে দাহক্রিয়ার পর অবশিষ্ট দেহাবশেষ ফেলে দেওয়া কিংবা প্রতিমা বিসর্জনই বা অপরাধ হবে না কেন? প্রতিমার কাঠামো এবং সাজসরঞ্জাম গঙ্গা থেকে দ্রুত সরিয়ে নেওয়া হলেও প্রতিমার গায়ের রং মিশে গঙ্গার জলের যে-ক্ষতি হয়, তা অপরিমেয়। মানুষের দেহাবশেষও গঙ্গার ক্ষতি করে বিস্তর।

গঙ্গাকে দূষণমুক্ত করা এবং তার স্বাভাবিক প্রবাহ বজায় রাখার দাবিতে প্রবল আন্দোলন গড়ে তুলেছিলেন বিশিষ্ট পরিবেশবিদ ও আইআইটি কানপুরের প্রাক্তন অধ্যাপক জি. ডি. আগরওয়াল, যিনি সন্ন্যাস গ্রহণের পর স্বামী জ্ঞানস্বরূপ সানন্দ নামে পরিচিত হন। তাঁর দাবিগুলি নিয়ে তিনি টানা ১১১ দিন অনশন চালিয়ে যান। অবশেষে ২০১৮ সালের ১১ অক্টোবর, ৮৬ বছর বয়সে, হরিদ্বারে অনশনরত অবস্থায় হৃদরোগে আক্রান্ত হলে তাঁকে ঋষিকেশের এইমসে ভর্তি করা হয়। সেখানেই তাঁর মৃত্যু ঘটে। গঙ্গা বাঁচাতে একজন সন্ন্যাসীর অনশন নিয়েও কিন্তু কেন্দ্র সরকারের কোনো হেলদোল ছিল না। মোদ্দা কথাটি এরপর ২৪ পৃষ্ঠায়

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



MLS

ISLAND ADVANTAGE REALTY

360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788. 631.351.6000

আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েডরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 & other programs

# House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms<br>4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms<br>Renovated | $799,000 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 40-26 Benham St, Elmhurst, NY11373 (Occupied) | 3 Family, 5 bedrooms, 3 bathrooms<br>1 car garage | $1,199,000 |
| 140-04 123rd Ave Jamaica NY 11436 (Occupied) | 1 Family | $409,900 |
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (Bricks) | 2 family 4 beds over 3 beds+<br>semi-basement,driveway | $995,000 |
| 8902-8904 Glenwood Road Brooklyn | Multi-Family - Mixed Use | $800,000 |
| 21 Spirit Lane Staten Island | 1 Family | $600,000 |
| 20 Whitman Avenue, Islip, Long Island | 1 Family | $599,000 |
| 140-04 123rd Avenue Jamaica | 1 Family | $409,900 |
| 33-47 91st Street Unit 5A Jackson Heights | Occupied (Auction Sale) Co-Op (3 Beds, 1.5 baths) | $125,790 |
| 25-48 96th Street East Elmhurst | Three Family (Occupied) | $899,000 |
| 166-25 Powells Cove Blvd #4D<br>Beechhurst, NY 11357 | Co-Op, 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | Co-Op, 2 Bedrooms, 1 bathroom | $319,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC. B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Dozens injured, 2 pilots dead in ground collision at LaGuardia

**Ajkal Desk**

A regional Air Canada jet collided late on Sunday into a Port Authority airport vehicle at LaGuardia Airport in New York, an on-the-ground crash that demolished the front of the airplane, killed two pilots, injured dozens of passengers and prompted the airport to shut down on Monday morning, law enforcement and aviation officials said. At least 41 people were transferred to local hospitals after the plane, which was operated by Jazz Aviation, struck a rescue-and-firefighting vehicle that had been "responding to a separate incident," a Port Authority spokesperson said in a statement. Two of the injured were Port Authority officers and the other 39 were passengers, officails said.

"The airport will remain closed until at least 2 p.m. Monday to allow for a thorough investigation," the authority said.




Ryan Murphy/AP - PHOTO: An Air Canada Jet sits on the runway at LaGuardia Airport, Monday, March 23, 2026, after colliding with a Port Authority vehicle in New York. The collision happened shortly after the plane, Air Canada Flight 8646, which was carrying four crew members and 72 passengers, touched down, according to Port Authority Executive Director Kathryn Garcia. Jazz Aviation, which is based in Halifax, Nova Scotia, issued a statement confirming the incident, saying it happened at 11:47 p.m. Air Canada said on social media that it was "aware of an incident" and that Jazz Aviation would issue updates as needed.

All passengers have been accounted for, Garcia told reporters at a pre-dawn press conference at the airport. An unaccompanied minor on the plane was reunited with their family, she said. Thirty-two of those who had been transferred to the airport were later released, Garcia said, adding that several others had serious injuries. Two Port Authority police officers who were injured -- a sergeant and an officers -- were in stable condition at the hospital, she said.

The regional jet involved in the collision had traveled from Montreal to New York, according to Flightradar24, a flight information tracker. The cause of the crash was not immediately clear. Preliminary information appeared to show that the flight had landed on Runway 4 and was rolling down the runway when the collision occurred.

The National Transportation Safety Board said it was sending a team to investigate the crash. Chair Jennifer Homendy will serve as the on-scene spokesperson, accompanied by member John DeLeeuw, according to the NTSB. Those investigators were on site by the time Garcia spoke at about 4:30 a.m. ET, according to the Port Authority. Shannon Stapleton/Reuters - PHOTO: Debris hangs from a damaged Air Canada Express jet that had collided with a ground vehicle at New York's LaGuardia Airport in Queens, New York, U.S., Continued on page 26




## NYC just bought 378 "modern subway cars

**Ajkal Desk**

NYC just went shopping. No, not for more Shake Shack kiosks or Taylor Swift pop-ups. The city just approved the purchase of 378 brand-new subway cars, the next generation of shiny(-ish) trains that will whisk us across boroughs while we scroll, nap and quietly judge our fellow riders.

The new R268 models, greenlit by the MTA board this week, will enter service starting in fall 2028, with the full order arriving by 2030. Think of them as glow-ups of the R211s already hitting tracks: brighter interiors, better signage, more accessible seating and security cameras in every car. They'll replace the aging R68 and R68A trains currently clattering along the B, D, N, Q and W lines (plus the very charming Franklin Avenue Shuttle), some of which date back to the Reagan era. This means fewer mystery screeches, fewer "why are we stopped here" moments and hopefully fewer vibes reminiscent of a forgotten high-school locker room.

"These new subway cars will carry billions of riders over their lifetime, connecting the people and places we hold dear with the safety and reliability New Yorkers need and deserve," Governor Kathy Hochul said in an official statement. MTA chair Janno Lieber added, "This purchase allows us to replace cars at the end of their useful life before they start Continued on page 27

## Hochul and Mamdani Proposes New Minimum Wage

## Minimum Wage $30 per Hour in NYC!

**Shah Nawaz**

A proposal now gaining traction in the City Council would hike the minimum wage to as high as $30 an hour, a dramatic leap from the current $17. The plan, introduced by Council Member Sandy Nurse, would require large employers to pay $25 per hour if they offer benefits and $30 if they don't, with a phased rollout targeting full implementation by 2030 for major companies and 2032 for smaller ones.





Newly elected Mayor Zohran Mamdani has already signaled support, having campaigned on a bold "$30 by '30" promise. His message was simple and politically potent: in the richest city in the world, full-time work should not equal poverty. But as the proposal inches closer to reality, critics are sounding the alarm—and they're not mincing words.

Economists and business leaders warn that the plan could trigger a cascade of unintended consequences, hitting the very workers it aims to help. Santiago Vidal Calvo of the Manhattan Institute laid out the core concern: higher wages don't exist in a vacuum. When labor costs surge, businesses respond—often by raising prices, cutting jobs, or both.

That raises a blunt question: if workers earn more but pay more for everything, is anything actually gained?

Calvo argues the answer is no, pointing to basic economic principles that suggest aggressive wage hikes can distort markets. He warned that the proposal could push New York's wage structure far beyond widely accepted benchmarks, calling it a "huge economic blunder" based on the Kaitz index, a key metric used to evaluate minimum wage levels relative to median income.

The business community is already bracing for impact. Reports indicate that some employers fear they'll be forced to shrink their workforce just to survive. Industries with tight margins—like food service, retail, and even healthcare—could be hit hardest. Younger and entry-level workers may find themselves squeezed out entirely as companies look to cut costs or automate roles. There's also precedent fueling the fire. In Los Angeles, a recent Continued on page 26

## The only way to get to MetLife during World Cup Football through public transit

**Ajkal Desk**

If you were planning to roll up to MetLife Stadium, fire up a grill and tailgate your way into the 2026 FIFA World Cup, consider this your official reality check: that entire game-day ritual is out.

For all eight matches in East Rutherford (including the final on July 19) there will be no general parking and no tailgating on-site, according to the North Jersey Transportation Planning Authority. Instead, officials are pushing what amounts to a fully transit-first operation, with trains, buses and rideshares doing the heavy lifting for crowds of up to 80,000 per game.




It's a big change from the typical Giants or Jets games on Sunday, but it's also by design. FIFA's model prioritizes moving massive international crowds efficiently, which means cars are largely out of the picture.


NJ Department of Transportation officials say they're planning for "a bus every 30 seconds for four hours" before and after each match. But to make that possible, the state is building out new infrastructure specifically for the tournament.

A new bus terminal at MetLife is set to open ahead of kickoff, while a temporary ramp off the Turnpike will funnel buses directly from New York City into the stadium area. There's also a dedicated "TransitWay," a bus-only lane that Continued on page 27

# Bangladeshi Candidates dominating in Fund Raising

**Ajkal Desk**

Queens flooded with candidates for NYS Senate and Assembly seats. These candidate are wishing to fight from queend. Jessica Ramos, Jessica González-Rojas, hiram monserrate, Aber Kawas, Steven Raga, Michael Gianaris, Shamsul Haque, Vivian Cook, Sheryl Fetik, Patrick Martinez, Somnath Ghimire, Tunisia Morrison, LaToya LeGrand, Nathaniel Hezekiah, latoya benjamin, Roxanne Persaud, julia salazar, Leroy Comrie, James Sanders, Gus Lambropoulos, Kristen Gonzalez, Juan Pagan, Phil Wang, Joe Addabbo, John Liu, albert baldeo, Sean Henry Miller, Andrew Engel, Adam Azam, Pamela Michos, Toby Ann Stavisky, Ron Kim, Larinda Hooks, Khaleel Anderson, Alicia Hyndman, Yonel Sosa, Ramses Frias, Catalina Cruz, Jenifer Rajkumar, David Orkin, Pia Rahman, Sam Kattan, Kevin Coenen, Diana Moreno, Mary Jobaida, Rana Abdelhamid, Shivani Dhir, Brian Romero, Rosa Sanchez, Bryan Oster, Clyde Vanel, Andrew Hevesi, Jonathan David Rinaldi, Sam Berger, Alfredo Centola, Phillip Grillo, Rob Speranza, Ed Braunstein, Nily Rozic, Kenneth Paek, David Weprin, Mahtab Khan, Mike Scala, Pesach Osina and Thomas Sullivan More than half a million was raised by candidates in four of Queens' most competitive races for the state legislature over the last two months, new campaign finance filings show.









Candidates in two hotly contested Senate races and two Assembly races pulled in a combined $626,000 between Jan. 11 and March 12. The total is nearly double what all other candidates in all other state races raised in the same time period, according to finance data analyzed by the Eagle. In Western Queens, Senator Jessica Ramos is outraising her two challengers – Assemblymember Jessica González-Rojas and former elected Hiram Monserrate – in the race most flush with cash in Queens.

One district over, Democratic Socialists of America-backed Aber Kawas and Assemblymember Steven Raga are neck-and-neck in fundraising as they race to succeed Michael Gianaris in the State Senate.

The race to fill Raga's seat has three candidates pulling in solid funding, including progressive Shamsul Haque who raised more in March than any other candidate in the World's Borough.

In Southeast Queens, six candidates have raised significant sums to succeed retiring Assemblymember Vivan Cook, who has held the seat for 35 years.

This week, candidates filed campaign donations given to them between Jan. 11 and March 12 as they hope to be approved for public matching funds with three months to go until the primary. Should they be approved, candidates will receive $12 for every $1 dollar of the first $50 of every eligible donation they receive, a $9 to $1 match for the next $100 of a donation, and an $8 to $1 match for the final $100.

As a result, races where candidates have already begun to fill up their coffers, could see campaign accounts and spending soar in the coming months.

**13th Senate District**

No race in Queens has more money flowing per candidate than the 13th Senate District, which centers on the diverse communities of Jackson Heights, Corona, Continued on page 26



# NYC Housing Lottery: Buy an apartment for $16K

| Apartment size | Maintenance fees | Purchase price | Income limit | Household size |
|---|---|---|---|---|
| Studio | $960 | $15,745 | $38,400 – $182,250 | 1 to 3 people |
| One-bedroom | $1,210 | $20,201 | $48,400 – $182,250 | 1 to 3 people |
| Two-bedroom | $1,450 | $24,656 | $58,000 – $202,500 | 2 to 4 people |
| Three-bedroom | $1,750 | $31,329 | $70,000 – $235,000 | 4 to 6 people |

**Ajkal Desk**

New York City Housing Connect has opened a waitlist for a lottery that offers apartments for sale as low as $15,745. The units are available at the Mitchell-Lama Dennis Lane Apartments, Inc., at 2414 Crotona Avenue in the Bronx.

NYC housing lottery: Buy an apartment for $30K

Applicants must be New York State residents, and only one request may be submitted per applicant.

There will be a limit of 300 applicants drawn for the studio, one-bedroom, and two-bedroom lotteries, respectively, and 100 applicants drawn for the three-bedroom lottery.

The lottery closes on April 8.

There is a non-refundable $75 application fee. You can apply for the lotteries online.




# Trump sends ICE to airports

**Ajkal Desk**

ICE agents are deployed to airports nationwide Monday to help manage security lines as a Department of Homeland Security funding standoff continues. The move follows staffing shortages at TSA checkpoints, where some travelers report waits of three to four hours at major airports.



Passengers at major airports are facing lines that stretch through terminals as TSA officers work without pay during the funding lapse. The administration says the deployment is meant to shorten lines and keep checkpoints operating.

ICE deployment begins as staffing shortages persist

Border czar Tom Homan told "Fox News Sunday" that ICE agents will assist with airport operations, including managing crowds so TSA officers can stay focused on screening. "Tomorrow we're going to try to move those lines quicker, give TSA support," he said. "The president came up with a great idea, let's send additional resources to the airports to support the American people and support the men and women of TSA who are not getting paid, but are showing up for work every day."

Transportation Secretary Continued on page 26

# First time in theatres : what was it like?

**Zahid Akbar**

Going to a cinema hall to watch one's first film is always a memorable experience etched in the mind. In childhood, most people watch their first film with family members, and celebrities are no exception. Watching films during Eid has long been a cherished tradition. Four prominent stars of the country shared their first cinema-going experiences—where they watched their first films and which films they saw—with The Daily Star. Dhallywood superstar Shakib Khan said, "As a child, I first went to a cinema hall with my mother and watched a film starring Shabana Madam. I do not remember the name of the film, but I still recall the excitement of that first experience. It was in a cinema hall in the Narayanganj area. Even now, I can relive those moments just by closing my eyes. As for the first film I acted in, I watched my debut film 'Ananta Bhalobasha', directed by Sohanur Rahman Sohan, in parts at Madhumita and Abhisar cinema halls."










Actor Arifin Shuvoo said, "The first film I watched in a cinema hall was 'Keyamat Theke Keyamat', directed by Sohanur Rahman Sohan and starring Salman Shah and Moushumi. I watched it with my family at the 'Purabi' cinema hall in Mymensingh."

Sariful Razz said, "I watched 'Shotter Mrityu Nei', starring Salman Shah and directed by Chhotku Ahmed, with my family in 1996. I saw it at a cinema hall in Sylhet. I cannot remember the name of the hall, but the memory of watching that film is still deeply ingrained in my mind. I have watched many films since then, but I have never forgotten that experience."



# শিশুর মুখ থেকে অতিরিক্ত লালা পড়ে কেন

ডা. মো. আসাফুজ্জোহা রাজ



শিশুদের মুখ থেকে লালা পড়েই। কিন্তু কখনো কখনো অতিরিক্ত লালা পড়ার কারণে অভিভাবকেরা দুশ্চিন্তায় পড়েন। বিশেষ করে যখন শিশুর পোশাক বা বালিশ বারবার ভিজে যায় বা মুখের চারপাশে র‍্যাশ ও বাজে গন্ধ হয়। শিশুদের ক্ষেত্রে এটি প্রায় স্বাভাবিক একটি শারীরবৃত্তীয় বিষয়। তবে কিছু ক্ষেত্রে এটি স্বাস্থ্যগত সমস্যার ইঙ্গিতও হতে পারে। তাই বিষয়টি সম্পর্কে সঠিক ধারণা থাকা প্রয়োজন।

জন্মের কয়েক মাস পর থেকে শিশুর বিভিন্ন লালাগ্রন্থি সক্রিয় হতে শুরু করে। ৪-৬ মাস বয়স থেকে লালার পরিমাণ বাড়তে থাকে। অনেক সময় শিশুর লালা পড়তে দেখা যায়। ১৮ মাস থেকে দুই বছর বয়স পর্যন্ত কিছুটা লালা পড়া স্বাভাবিক।

**দাঁত ওঠার সময় কেন লালা বাড়ে :** শিশুর অতিরিক্ত লালা পড়ার অন্যতম প্রধান কারণ দাঁত ওঠা। ছয় মাস বয়সের পর শিশুর প্রথম দাঁত উঠতে শুরু করে। এ সময় মাড়িতে অস্বস্তি ও প্রদাহ হয়, ফলে লালা বাড়ে। শিশুরা অনেক কিছু মুখে দিতে চায়, চিবাতে চায় বা মাড়ি দিয়ে কামড়ানোর চেষ্টা করে। তাই লালা বেশি পড়ে থাকে।

**কখন সতর্ক হবেন :** কিছু স্বাস্থ্যগত কারণেও এ সমস্যা হতে পারে; যেমন মুখের ঘা বা সংক্রমণ, টনসিল বা গলার সমস্যা, সর্দি কাশি বা ঠান্ডাজনিত সংক্রমণ, দাঁত বা মাড়ির প্রদাহ, পরিপাকতন্ত্রের জটিলতা, কৃমি ইত্যাদি। কিছু ক্ষেত্রে স্নায়বিক সমস্যার কারণে লালা নিয়ন্ত্রণে সমস্যা হতে পারে, যেমন সেরিব্রাল পালসি বা কিছু নিউরোলজিক্যাল রোগে শিশু লালা গিলতে পারে না, ফলে মুখ দিয়ে পড়ে।

**ঘরোয়া যত্ন ও প্রতিকার :** শিশুর অতিরিক্ত লালা নিয়ন্ত্রণে কিছু সহজ অভ্যাস বেশ কার্যকর হতে পারে। প্রথমত, শিশুর মুখ ও চিবুক সব সময় পরিষ্কার ও শুকনা রাখতে হবে। লালা পড়লে নরম কাপড় দিয়ে মুছে দিলে ত্বকের জ্বালা বা র‍্যাশ কমে। প্রয়োজনে বেবি ক্রিম বা ময়েশ্চারাইজার ব্যবহার করা যেতে পারে। শিশুকে ধীরে ধীরে শক্ত খাবার চিবাতে শেখান। এতে মুখের পেশি শক্ত হয়। লালা নিয়ন্ত্রণের ক্ষমতা বাড়ে।

**কখন চিকিৎসকের শরণাপন্ন হবেন :** যদি দুই এরপর ৪১ পৃষ্ঠায়



# মায়োসাইটিস অসিফিকান্স কী, কেন হয় ও করণীয়

ডা. সাকিব আল নাহিয়ান

অনেক সময় খেলাধুলা করতে গিয়ে, পড়ে গিয়ে বা সরাসরি কোনো আঘাত লাগার পর দেখা যায়, জায়গাটা ফুলে শক্ত গাঁটের মতো হয়ে গেছে। প্রথমে মনে হয় সাধারণ আঘাত বা মাংসপেশির টান। কিন্তু কিছু ক্ষেত্রে আঘাতের কয়েক সপ্তাহ পর ওই পেশিতে ধীরে ধীরে হাড়ের মতো শক্ত কিছু একটা তৈরি হতে শুরু করে। এই অবস্থাকে বলা হয় মায়োসাইটিস অসিফিকান্স।

**কেন এমন হয়**

জোরে আঘাত লাগলে পেশির ভেতর রক্ত জমে যায়। সাধারণত এই জমাট রক্ত শরীর নিজে থেকেই শুষে নেয়। কিন্তু যদি ওই জায়গায় বারবার চাপ, জোরে মালিশ অথবা খুব তাড়াতাড়ি ভারী ব্যায়াম শুরু করা হয়, তাহলে স্বাভাবিকভাবে সেরে ওঠার বদলে সেখানে অস্বাভাবিক ক্যালসিয়াম জমে হাড়ের মতো শক্ত টিস্যু তৈরি হতে পারে। এটা বেশি হয় উরুর সামনের পেশি (খেলোয়াড়দের ক্ষেত্রে খুব দেখা এরপর ৪১ পৃষ্ঠায়

# দারুচিনি-পানি খেলে কি সত্যিই ওজন কমে

রাফিয়া আলম



রোজ দারুচিনি-পানি খাওয়ার চর্চাটা অনেকের কাছে ওজন কমানোর একটা সহজ উপায় হিসেবে জনপ্রিয়। তবে এই পানীয় গ্রহণে আদতেই কি ওজন কমে?

